পরীক্ষা শাখা
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ-২২০২, বাংলাদেশ

Examination Section
Bangladesh Agricultural University
Mymensingh-2202, Bangladesh

# নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

নং-১৩১০০৫২০৫.২২০২.০০০০৫/৬৬৫/২০২৫/পশা/নিলাম

তারিখ : ১৯ ফাল্গুন ১৪৩১ / ০৪ মার্চ ২০২৫

বিশ্ববিদ্যালয়ের স্নাতক (জুলাই-ডিসেম্বর-২০২১পর্যন্ত), স্নাতকোত্তর এবং পিএইচডি ডিগ্রীর মেয়াদ উত্তীর্ণ অব্যবহৃত উত্তরপত্রাদি এবং পরীক্ষা শাখার পুরাতন অপ্রয়োজনীয় কাগজপত্র যেখানে যে অবস্থায় আছে সেখানেই সে অবস্থাই জরুরি ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে ক্রয়কারী দেশীয় প্রকৃত ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব প্যাডে দরপত্র আহবান করা যাচ্ছে। উক্ত মালামালের সম্ভাব্য পরিমাণ নিম্নের তালিকায় উল্লেখ করা হলো।

| ক্রমিক নং | মালামালের বিবরণ | পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | মেয়াদ উত্তীর্ণ অব্যবহৃত উত্তরপত্র এবং পরীক্ষা শাখার পুরাতন অপ্রয়োজনীয় কাগজপত্র। | ২৫,০০০ (পঁচিশ হাজার) কেজি | পরিমাণ কম বেশি হতে পারে |

শর্তাবলী :

১। বিস্তারিত বিবরণ সম্বলিত দরপত্র সিডিউল বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে আগামী ১৩.০৩.২০২৫ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা শাখা, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০২ এর দপ্তর হতে টাকা ১,৫০০/-(এক হাজার পাঁচশত) মাত্র (অফেরতযোগ্য) মূল্যে সংগ্রহ করা যাবে।

২। দরপত্র সিডিউল ১৬.০৩.২০২৫ তারিখ বেলা ২:৩০টা পর্যন্ত জমা প্রদান করা যাবে এবং একই দিন বেলা ৩:০০ টায় দরপত্র উন্মুক্ত করা হবে। দরদাতাগণ ইচ্ছা করলে (একজন করে) দরপত্র খোলার সময় উপস্থিত থাকতে পারবেন।

৩।** দরদাতাকে ভ্যাট ও আয়কর ব্যতীত দর দাখিল করতে হবে এবং সরকারি বিধি অনুযায়ী মোট মূল্যের উপর ১৫% হারে ভ্যাট এবং ১০% হারে অগ্রিম আয়করসহ মালামালের সম্পূর্ণ অর্থ পরিশোধ করে মালামাল বুঝে নিতে হবে।

৪। দরদাতাকে উদ্ধৃত মূল্যের উপর ২৫% অর্থ জামানত হিসেবে পূবালী ব্যাংক পিএলসি/কৃষি ব্যাংক হতে পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা শাখা, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০২ এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি ও প্রযোজ্য দলিলাদি নির্ধারিত সময়ের মধ্যে সীলগালাযুক্ত খামের উপরি অংশে সুস্পষ্টভাবে "নিলামে পুরাতন কাগজপত্র ক্রয়ের দরপত্র" শব্দটি লিপিবদ্ধ করে পরীক্ষা শাখায় রক্ষিত বাক্সে অবশ্যই দাখিল বা জমা প্রদান করতে হবে। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি ও প্রযোজ্য দলিলাদি না পাওয়া গেলে সংশ্লিষ্ট দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। গ্রহণযোগ্য সর্বোচ্চ দরদাতার অনুকূলে বিক্রয় আদেশ/কার্যাদেশ প্রদান করা হবে। বিক্রয় আদেশ/কার্যাদেশ জারীর ৪ (চার) দিনের মধ্যে মালামাল বুঝে নিতে হবে এবং সমুদয় অর্থ জমা প্রদান করতে হবে। বিক্রয় আদেশ/কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান মালামালের সমুদয় অর্থ এবং মোট মূল্যের উপর ১৫% হারে ভ্যাট এবং ১০% হারে অগ্রিম আয়কর আলাদাভাব পরিশোধের পর নিলাম কমিটি কর্তৃক Delivery Order ইস্যু করা হবে। নির্ধারিত সময়সীমার মধ্যে মালামাল বুঝে না নিলে বিক্রয় আদেশ/কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট দরদাতার জামানত বাজেয়াপ্ত (forfeit) করা হবে।

চলমান...

প্রশাসনিক ভবন, ৫ম তলা ফোন: ০২৯৯৬৬২১৮০ ফ্যাক্স: ০২৯৯৬৬-৬১৫১০
ই-মেইল: controller@bau.edu.bd ওয়েব: www.bau.edu.bd

Administrative Building, 4th Floor Phone: 0299662180 Fax: 029966-61510
E-mail: controller@bau.edu.bd Web: www.bau.edu.bd

CamScanner

৬। নিলামের মালামালসমুহ প্রকৃত পরিমাণ অনুযায়ী "যেখানে যে অবস্থায় আছে" কেজি প্রতি হিসেবে সরবরাহ করা হবে। সরবরাহকৃত মালামালের প্রকৃত পরিমাণের ভিত্তিতে মূল্য পরিশোধ /সমন্বয় করা হবে (প্রযোজ্য হলে) । বিজয়ী দরদাতা চূড়ান্ত পর্যায়ে মূল্য পরিশোধ এবং পরিশোধকৃত মূল্যের উপর সরকারি বিধি মোতাবেক মোট মূল্যের ১৫% হারে ভ্যাট এবং ১০% হারে অগ্রিম আয়কর বাবদ অর্থ পরিশোধ করে নিজ খরচে ও নিজ দায়িত্বে মেয়াদ উত্তীর্ণ অব্যবহৃত উত্তরপত্র এবং পরীক্ষা শাখার পুরাতন অপ্রয়োজনীয় কাগজপত্র বিক্রয় আদেশ/কার্যাদেশ ইস্যুর ৪ (চার) দিনের মধ্যে নিলাম বিক্রয় কমিটির নিকট হতে বুঝে নিতে হবে। বিক্রয় আদেশ/কার্যাদেশ প্রদানের পর অকৃতকার্য নিলাম দরদাতাগণকে জামানত ফেরত দেওয়া হবে। আর মালামাল ডেলিভারির পর বিজয়ী দরদাতার জামানত ফেরত দেয়া হবে। বিজয়ী দরদাতা নির্ধারিত সময়ের মধ্যে মালামাল বুঝে না নিলে তার জামানত বাজেয়াপ্ত করা হবে।

৭। দরপত্রদাতাগণকে যোগ্যতার সমর্থনে দরপত্রের সাথে নিলামে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদকৃত বৈধ ট্রেড-লাইসেন্স, ১৩ ডিজিটের মূসক নিবন্ধন সনদ ও হালনাগাদকৃত আয়কর রিটার্ণ জমার প্রমাণকসহ আয়কর সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে হবে।

৮। একই ব্যক্তি কর্তৃক বিভিন্ন প্রতিষ্ঠানের নামে একাধিক দরপত্র দাখিল করতে পারবেন না এবং একটি দরপত্র দলিলে বিকল্প দর প্রদান করতে পারবেন না।

৯। কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক নিলাম দরদাতাকে মূল নথি/কাগজপত্র প্রদর্শন করতে হবে। দরপত্র মূল্যায়নকালে আংশিক (Partial), জাল (Forged) বা নকল (Fake) নথি-কাগজপত্র পাওয়া গেলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। নিলাম দরপত্রে কোনো প্রকার ফ্লুইড লাগানো, ঘষামাজা, কাটা-ছিড়া ও ত্রুটিপূর্ণ এবং অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১১। একক দর ও মোট মূল্যের মধ্যে গাণিতিক অসামানঞ্জস্য পরিলক্ষিত হলে দর মূল্যায়ণের ক্ষেত্রে একক দর সঠিক বলে বিবেচিত হবে।

১২। পুরাতন কাগজপত্রাদির মাপকার্যে বিশ্ববিদ্যালয়ের ওজন মাপার যন্ত্র ব্যবহার করা হবে।

১৩। মালামাল আগামী ০৯.০৩.২০২৫ হতে ১২.০৩.২০২৫ তারিখ পর্যন্ত সকাল ১০:০০টা হতে দুপুর ১:০০টা পর্যন্ত অফিস চলাকালীন পরিদর্শন করা যাবে।

১৪। শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে কোন জটিলতার সৃষ্টি হলে দরপত্র আহবানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৫। কোনো দরদাতা কর্তৃক বা দরদাতার সঙ্গে অন্য কোনো দরদাতা অথবা অত্র শাখার কোনো কর্মকর্তা বা কর্মচারীকে কোনরূপ ভয়-ভীতি প্রদর্শন বা অন্য কোনো উপায়ে প্রভাবিত করণের মাধ্যমে দরপত্র দাখিলে বাধা প্রদানের অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট দরদাতার দরপত্রটি বাতিলপূর্বক অভিযুক্তকে রাষ্ট্রীয় আইন-শৃংখলা রক্ষাকারী কর্তৃপক্ষের হাতে সোপর্দ করা হবে।

১৬। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ছাড়াই যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিল কিংবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪/০৩/২০২৫
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ-২২০২

প্রফেসর ড. জোয়ার্দার ফারুক আহমেদ
পরীক্ষা নিয়ন্ত্রক (অ.দা.)
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ।



CamScanner